

## উপজেলা পরিষদ কার্যালয়

ছাতক, সুনামগঞ্জ।

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখ : ২২ মে ২০২৩খ্রি।  
সময় : সকাল ১১.০০ ঘটিকা।  
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন, ছাতক, সুনামগঞ্জ।  
সভাপতি : জনাব লিপি বেগম  
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	<p>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি সভায় উপজেলা পরিষদ বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা ২০১০ এর বিশেষ বিশেষ অংশ উপস্থিত সদস্যগণকে অবগতির জন্য পাঠ করে শুনান। এ বিষয়ে সভায় নিম্নোক্ত আলোচনা করা হয়।</p> <p>উপজেলা প্রকৌশলী, এলজিইডি ও সদস্য সচিব সভায় জানান যে, উপজেলা পরিষদের সাধারণত ০৫টি খাত হতে রাজস্ব পাওয়া যায় যথাক্রমে (১) হাটবাজার ইজারালব্দ অর্থের ৪১%, (২) ভূমি উন্নয়ন কর এর ২%, (৩) স্থাবর সম্পত্তি হস্তান্তর কর এর ১% এবং (৪) বাসা বাড়ির ভাড়া হতে প্রাপ্ত আয়। এ সংক্রান্ত যাবতীয় রেজিস্টার পর্যালোচনায় দেখা যায় চলতি অর্থ বছরে রাজস্ব আয় পাওয়া গেছে সর্বমোট= ১,৮৪,৮৬,৯৪৩/- টাকা।</p> <p>উন্নয়ন তহবিলের সাধারণত ২টি খাত রয়েছে যথাক্রমে সরকার হতে প্রাপ্ত এডিপি বরাদ্দ এবং উপজেলা উন্নয়ন তহবিল যা বিগত অর্থ বছরের রাজস্ব ব্যয়ের পর অবশিষ্ট অংশ। বিভিন্ন রেজিস্টার পর্যালোচনায় দেখা যায় চলতি অর্থ বছরে উন্নয়ন তহবিলের প্রাপ্তি বা আয় হয়েছে সর্বমোট= ২,৩২,১২,২৫১/- টাকা। এছাড়াও রাজস্ব উন্নয়ন তহবিলের চলতি অর্থ বছরের ব্যয়ের বিভিন্ন দিক পর্যালোচনাক্রমে বিধিমালা অনুযায়ী নির্ধারিত ফরমেট অনুসরণ পূর্বক সকল সদস্যদের মতামতের ভিত্তিতে ২০২৩-২০২৪ অর্থ বছরের খসড়া বাজেট সভায় উপস্থাপন পূর্বক পরবর্তী পদক্ষেপ গ্রহণ করার প্রস্তাব করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>আলোচনান্তে প্রস্ততকৃত ২০২৩-২০২৪ অর্থ বছরের খসড়া বাজেট, উনুক্ত বাজেট সভায় আলোচনা পূর্বক উপজেলা পরিষদের বিশেষ সভায় অনুমোদনের জন্য উপস্থাপনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত স্থায়ী কমিটি।</p>

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(লিপি বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি

উপজেলা পরিষদ

ছাতক, সুনামগঞ্জ।

স্মারক নং: সুনাম/ছাতক/উপ/২০২৩/ ২৯


তারিখঃ ২২ মে, ২০২৩ খ্রি.।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে।

১. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২. উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৪. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।

অবগতি ও কার্যার্থেঃ

৫. উপজেলা.....কর্মকর্তা(সকল), ছাতক, সুনামগঞ্জ।
৬. চেয়ারম্যান.....ইউ/পি(সকল), ছাতক, সুনামগঞ্জ।
৭. জনাব.....।
৮. অফিস কপি/মাস্টার কপি।

  
2205-2023

(আফছর আহমেদ)

ও

সদস্য সচিব

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি  
উপজেলা পরিষদ  
ছাতক, সুনামগঞ্জ।

২২ মে ২০২৩ খ্রি অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম  
তালিকা ও স্বাক্ষর :

স্থান :- উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ছাতক

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব লিপি বেগম	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ছাতক, সুনামগঞ্জ।	Cipi
০২	জনাব মোঃ বিল্লাল আহমদ	চেয়ারম্যান, খুরমা উত্তর ইউনিয়ন পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।	
০৩	জনাব মোঃ নুরুল আলম	চেয়ারম্যান, দোলার বাজার ইউনিয়ন পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।	
০৪	জনাব অদুদ আলম	চেয়ারম্যান, কালারুকা ইউনিয়ন পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।	
০৫	জনাব মোঃ আমিনুল ইসলাম	পরিদর্শক, উপজেলা পরিষদখ্যান অফিসার, এর পক্ষে ছাতক, সুনামগঞ্জ।	
০৬	জনাব মোঃ এখলাছ কোরেশী	উপজেলা হিসাবরক্ষণ অফিসার, ছাতক, সুনামগঞ্জ।	
০৭	জনাব আফছর আহমেদ	উপজেলা প্রকৌশলী, ছাতক, সুনামগঞ্জ।	